

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয় : মহান বিজয় দিবস ২০২০, উদযাপন উপলক্ষ্যে ১৬-১২-২০২০ তারিখ সকাল ১১.০০ টায় বিআইডব্লিউটিএ অডিটরিয়ামে অনুষ্ঠিতব্য আলোচনা সভা বাস্তবায়ন কমিটির প্রস্তুতিমূলক সভা।

সভাপতি : লায়লা জেসমিন
অতিরিক্ত সচিব (প্রশাসন)
সভার তারিখ : ১০-১২-২০২০ খ্রিঃ
সময় : সকাল ১১.০০ টা
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি, বাংলাদেশের মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। একই সাথে তিনি স্বাধীনতায়ুদ্ধে সকল শহীদ বীর মুক্তিযোদ্ধার স্মৃতির প্রতি শ্রদ্ধা জানান। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষ্যে আগামী ১৬ ডিসেম্বর ২০২০ খ্রিঃ সকাল ১১.০০ টায় বিআইডব্লিউটিএ অডিটরিয়ামে আলোচনা সভা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

০২। সিদ্ধান্ত :

- ক। মহান বিজয় দিবস, ২০২০ এর আলোচনা সভা আগামী ১৬-১২-২০২০ তারিখ বিআইডব্লিউটিএ-এর অডিটরিয়ামে অনুষ্ঠিত হবে। আলোচনা সভায় জনাব খালিদ মাহমুদ চৌধুরী, মাননীয় প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী, সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, আলোচনা সভায় সভাপতিত্ব করবেন। অনুষ্ঠানে নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন ঢাকাস্থ দপ্তর ও সংস্থার প্রধানগণ উপস্থিত থাকবেন। ঢাকার বাইরের দপ্তর ও সংস্থার প্রধানগণ জুম এ্যাপের মাধ্যমে আলোচনা সভায় অংশ নিবেন।
- খ। বিজয় দিবসের আলোচনা অনুষ্ঠানের ব্যানার ও দাওয়াত কার্ডের নমুনা আগামী ১৩-১২-২০২০ খ্রিঃ, রবিবারের মধ্যে সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে চূড়ান্ত করতে হবে।
- গ। আলোচনা সভায় স্বাস্থ্য বিধি অনুসরণ করে অতিথি বসার ব্যবস্থা করতে হবে। প্রয়োজনীয় হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে।
- ঘ। নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব বেগম জেসমিন আক্তার বানু এবং ড: মোহাম্মদ শহীদ হোসেন চৌধুরী সভা উপস্থাপন করবেন। এ বিষয়ে জনাব মোঃ আমিনুর রহমান, উপসচিব (বিআইডব্লিউটিএ) সমন্বয় করবেন।
- ঙ। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) মহান বিজয় দিবস ২০২০ এর আলোচনা সভা আয়োজনে সার্বিক সহযোগিতা করবে।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

স্বাঃ
তাং-১০/১২/২০২০
লায়লা জেসমিন
অতিরিক্ত সচিব (প্রশাসন)
নৌপরিবহন মন্ত্রণালয়

নথি নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০৪.১৭ (অংশ-১)- ১৬৬২


তারিখঃ ১০-১২-২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। চেয়ারম্যান, জানরক/চবক/মোবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/বাস্থবক।
- ২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ঢাকা।
- ৫। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
- ৬। উপসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
- ৮। সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট/সহকারী প্রোগ্রামার/সহকারী ম্যানটেইন্যান্স ইঞ্জিনিয়ার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।


২০.১২.২০২০
রেবেকা সুলতানা
উপসচিব
ফোন : ৯৫১৫৫৫১